দৈনিক বাংলা
তারিখ 10 FEB 1989
পৃষ্ঠা ... কলাম ...

10

তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র



প্রেসিডেন্ট এরশাদ বৃহস্পতিবার প্রেসিডেন্টের সচিবালয়ে বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরদের উদ্দেশে ভাষণ দেন।

## ভাইস চ্যান্সেলরদের প্রতি প্রেসিডেন্ট

# শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনুন

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বিশ্ববিদ্যালয় শিক্ষার মান উন্নয়ন এবং শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশ পুনঃপ্রতিষ্ঠার আহবান জানান।

বাসস জানায় যে বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের উদ্দেশ্যে ভাষণদানকালে প্রেসিডেন্ট সময় মত ক্লাস ও পরীক্ষা নেয়ার মাধ্যমে শিক্ষাবর্ষ নিয়মিতকরণের নির্দেশ দেন।

বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদ বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক প্রশাসন সুষ্ঠু খাত ভিত্তিক করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলো দক্ষতার সঙ্গে পরিচালনার জন্য কোন বিশৃংখলা সহ্য করা হবে না।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম এ বারী প্রেসিডেন্টের প্রিন্সিপ্যাল

(৩-এর পৃঃ দ্রঃ)

### শিক্ষার পরিবেশ

(প্রথম পৃঃ পর)

সেক্রেটারী জনাব এ এইচ এফকে সাদিক, পরিকল্পনা কমিশনের সদস্য কাজী ফজলুর রহমান, শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদ এবং অর্থ সচিব জনাব এম কে আনোয়ার প্রেসিডেন্টের সচিবালয়ে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট আশ্বাস দেন যে সরকার শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষার সর্বোচ্চ আসনের ভাব-[illegible] মূর্তি বৃদ্ধি এবং শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রচেষ্টায় প্রয়োজনীয় সাহায্য প্রদান করবে।

তিনি বলেন যে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কোন বিতর্কমূলক বিষয়ের সঙ্গে জড়িত হওয়া এবং কোন প্রেশার গ্রুপের বশীভূত হওয়া উচিত নয়। এ প্রসঙ্গে তিনি স্মরণ করেন যে ক্যাম্পাস থেকে সংকীর্ণ দলীয় রাজনীতি দূর করতে ক্ষমতাসীন দলের ছাত্র শাখা বিলুপ্ত করা হয়েছে।

তিনি বিভিন্ন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও নিজ নিজ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিয়োগ বিধি কঠোরভাবে অনুসরণের আহবান জানান। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ফলপ্রসূ কাজ কর্মের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক বারী সভায় বক্তব্য রাখতে গিয়ে ছাত্রদের ভর্তি, শিক্ষার মান, প্রশাসনিক ও অন্যান্য বিষয়ে বিশ্ববিদ্যালয় যেসব সমস্যার সম্মুখীন তুলে ধরেন।